

# এসএসসির ফল প্রকাশের আনুষ্ঠানিকতা নিয়ে নতুন সিদ্ধান্ত জানালেন উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি/কালের কঠ

আগামীকাল বৃহস্পতিবার (১০ জুলাই) বেলা ২টায় এসএসসির ফল প্রকাশ করা হবে। দুই মাসেরও কম সময়ের ব্যবধানে এবার ফল প্রকাশ করতে যাচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। তবে এবার ফল প্রকাশ নিয়ে কোনো আনুষ্ঠানিকতা বা বিশেষ অনুষ্ঠান থাকবে না বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা ড. সি আর আবরার।

বুধবার (৯ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ে এসএসসি ও সমমানের ফলাফল নিয়ে এক আলোচনাসভায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অর্থাৎ আগে কেন্দ্রীয়ভাবে পরীক্ষার ফল ঘোষণা করা হলেও এবার প্রত্যেক শিক্ষাবোর্ড থেকে আলাদাভাবে ফল প্রকাশ করা হবে।

শিক্ষা উপদেষ্টা বলেন, এবারের এসএসসি পরীক্ষার ফল

হস্তান্তরের ক্ষেত্রে কোনো আনুষ্ঠানিকতা থাকছে না। ৯টি সাধারণ

শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা বোর্ড

এসএসসি ও সমমান পরীক্ষা-২০২৫-এর ফল নিজেদের মতো

করে প্রকাশ করবে।

মন

সব শিক্ষাপ্রতিষ্ঠানে জরুরি নির্দেশনা দিয়ে মাউশির চিঠি



তিনি বলেন, বাহুল্য এড়িয়ে, গতি ও নির্ভুলতা বজায় রেখে ফল

প্রকাশ হচ্ছে।

ফল প্রকাশে অহেতুক জাঁকজমক নয়, গুরুত্ব পাচ্ছে স্বচ্ছতা। ৯টি

সাধারণ শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড এবং মাদরাসা শিক্ষা

বোর্ড এবার ফলাফল নিজেদের ব্যবস্থাপনায় নির্ধারিত সময়েই

প্রকাশ করবে। ফল হস্তান্তরের জন্য কোনো আলাদা অনুষ্ঠান বা

মন্ত্রী পর্যায়ের উপস্থিতি থাকছে না।

ফল দেখা যাবে যেভাবে

ঢাকা শিক্ষাবোর্ডের বিজ্ঞপ্তি অনুযায়ী, বাংলাদেশের সব শিক্ষা

বোর্ডের শিক্ষার্থীরা দুপুর ২টা থেকে অনলাইন ও এসএমএসের

মাধ্যমে ফল জানতে পারবে।

সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীনে ফলাফল পেতে, পরীক্ষার্থীদের  
লিখতে হবে-SSC (স্পেস) বোর্ডের নামের প্রথম তিন অক্ষর  
(স্পেস) রোল নম্বর (স্পেস) বছর। এরপর ১৬২২২ নম্বরে পাঠাতে  
হবে।

যেমন ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে রোল নম্বর ১২৩৪৫৬ হলে  
লিখতে হবে-SSC Dha 12345 2025। তারপর ১৬২২২  
নাম্বারে পাঠাতে হবে।

এছাড়া শিক্ষার্থীরা  
অনলাইনে [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) এই  
ওয়েবসাইটে প্রবেশ করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফল  
দেখতে পারবেন।

২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয় গত ১০  
এপ্রিল এবং শেষ হয় ১৩ মে। এবার ১৯ লাখের বেশি শিক্ষার্থী  
পরীক্ষায় অংশ নেয়।